

কুমিল্লা বোর্ড-২০১৬

বিষয়ঃ বাংলা ২য় পত্র

বিষয় কোড:

১	০	২
---	---	---

সময়ঃ ৩ ঘন্টা

পূর্ণমান - ১০০

১. (ক) বাংলা 'অ' ধ্বনি উচ্চারণের যে কোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যে কোনো পাঁচটি শব্দের উচ্চারণ লেখ:—

পদ্য, চর্যাপদ, অত্যাচার, বিজ্ঞপ্তি, স্বাগত, আহ্বান, স্মর্তব্য, ব্রহ্মাণ্ড।

২. (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের যেকোনো পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) যে কোনো পাঁচটি শব্দের বানান শুদ্ধ করে লেখ:—

শ্রদ্ধাঞ্জলী, পিপিলীকা, অপোরাহু, আকাংখা, প্রোজ্জ্বলন, মনোকষ্ট, প্রতিদন্দি, শমিচীন।

৩. (ক) যোজক কাকে বলে? যোজক কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে পাঁচটি ক্রিয়া বিশেষণ শনাক্ত কর:—

বাবা সকালে দ্রুত বেরিয়ে গেছেন। তখন টিপটিপ বৃষ্টি পড়ছিল। ঘরে বসে একমনে টিভি দেখছিল ছোটবোন। এসময় কেউ টিভিতে গুনঘুনিয়ে গান করছিল। হঠাৎ বাবা এসে বললেন, তাঁর চশমাটা চট করে খুঁজে দিতে।

৪. (ক) “উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে”— প্রমাণ কর। ৫

অথবা, (খ) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর। (যে কোনো পাঁচটি):—
মোড়ক, নশ্বর, মেঠো, জেলে, বস্তুব্য, মানব, বুদ্ধিমান, মুগ্ধ।

৫. (ক) বাক্য কাকে বলে? উদাহরণসহ বাংলা বাক্যের গঠনানুগ শ্রেণিবিভাগ দেখাও। ৫

অথবা, (খ) বন্ধনীর নির্দেশনা অনুযায়ী যে কোনো পাঁচটির বাক্যান্তর কর:—

(i) ফরিয়াদি প্রসন্ন গোয়ালিনী। (জটিল)

(ii) অনুগ্রহ করে সব খুলে বলুন। (যৌগিক)

(iii) মানুষটা সমস্ত রাত খেতে পাবে না। (প্রশ্নবোচক)

(iv) ধর্ম আমাদের ইসলাম, কিন্তু প্রাণের ধর্ম আমাদের তারুণ্য। (সরল)

(v) বাড়িটা তারা দখল করেছে। (নেতিবাচক)

- (vi) এখনই ডাক্তার ডাকা উচিত । (অনুজ্ঞাবাচক)
 (vii) দেখি, সে বিছানায় নাই । (অস্তিত্ববাচক)
 (viii) মুক্ত বাতাসে খুব ভালো লাগছে । (বিস্ময়বাচক)

৬.

(ক) যে কোনো পাঁচটি বাক্য শুদ্ধ করে লেখ:—

৫

- (i) তিনি স্বপরিবারে ঢাকায় থাকেন ।
 (ii) অন্যান্য বিষয়গুলোর আলোচনা পরে হবে ।
 (iii) তিনি মোকদ্দমায় তারা যাবে ।
 (iv) আগত শনিবারে তারা যাবে ।
 (v) সকল ছাত্রগণ পাঠে মনোযোগী নয় ।
 (vi) ছেলেটি ভয়ানক মেধাবী ।
 (vii) বর্তমানে খাঁটি গরুর দুধ পাওয়া মুশকিল ।
 (viii) শুধুমাত্র সেই পারবে এ কাজটি করতে ।

অথবা, (খ) অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর:—

নিজ ব্যক্তিত্বের বৈচিত্র্যতা দেখাতে সে সর্বদা সচেষ্টিত । এ লক্ষ্যে বিনা প্রয়োজনে মিটিং চলাকালীন সময়েও সে যখন-তখন দাঁড়িয়ে পড়ে । কেউ তার সমালোচনা করলে অপমানবোধ করে সে । নিজের দৈন্যতা সে বুঝতেই পারে না কখনো । তাই নিজ অহংকারবোধ নিয়েই চলতে থাকে সে ।

৭. (ক) যে কোনো দশটি শব্দের পারিভাষিক রূপ লেখ:—

১০

Architecture; War-criminal; Booklet; Misconduct; Deed of gift; Parole; Ethics; Executive; Refugee; Justice; Interim; Lien; Migration; Option; Notification.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর:—

The great advantage of early rising is the good start it gives in our day's work. The early riser has done huge quantity of hard work before other men have got out of bed. In early morning the mind is fresh and there are fewer disturbances. So the work done at that time is generally well done. By beginning so early, he knows that he has plenty of time to do all the work thoroughly. He is not, therefore, tempted to hurry over any part of it.

৮. (ক) শীতের কোনো এক সকালের অভিজ্ঞতা বর্ণনা কর। ১০
 অথবা, (খ) “মাদকের অপর নাম মৃত্যু”— শীর্ষক আলোচনা অনুষ্ঠানের
 উপযোগী একটি ভাষণ তৈরি কর।
৯. (ক) বাংলা নববর্ষ উদযাপনের বৈচিত্র্য তুলে ধরে প্রবাসী বন্ধুকে
 পাঠানোর জন্য একটি ই-মেইল প্রস্তুত কর। ১০
 অথবা, (খ) কোনো বাণিজ্যিক প্রতিষ্ঠানে “বিপণন কর্মকর্তা” পদে নিয়োগলাভের
 উদ্দেশ্যে আবেদন কর।
১০. (ক) সারাংশ লেখ:— ১০
 আজকের দুনিয়াটা আশ্চর্যভাবে অর্থের বা বিত্তের নির্ভরশীল। লাভ
 ও লোভের দুর্নিবার গতি কেবল আগে যাবার নেশায় লক্ষ্যহীন
 প্রচণ্ডবেগে শুধু আত্মবিনাশের পথে এগিয়ে চলেছে। মানুষ যদি
 এই মূঢ়তাকে জয় না করতে পারে তবে মনুষ্যত্ব কথাটাই হয়তো
 লোপ পেয়ে যাবে। মানুষের জীবন আজ এমন এক পর্যায়ে এসে
 পৌঁছেছে, যেখানে থেকে আর হয়তো নামবার উপায় নেই, এবার
 উঠবার সিঁড়িটা না খুঁজলেই নয়।
 অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর:
 সকলের তরে সকলে আমরা
 প্রত্যেকে আমরা পরের তরে।
১১. (ক) বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধি ও বিশ্ব জলবায়ু পরিবর্তনের সাম্প্রতিক
 প্রবণতা বিষয়ে দুই বন্ধুর কথোপকথন রচনা কর। ১০
 অথবা, (খ) মোবাইল ফোনে বন্ধুত্বের পরিণাম— বিষয়ে নিচের ইজ্জিত অবলম্বনে
 একটি ক্ষুদ্রে গল্প রচনা কর:—
 অপর প্রান্ত থেকে ভেসে আসা অপরিচিত এক নারীকণ্ঠ শুনে
 সাগর বুঝতে পারে, সে ডায়াল করেছে ভুল নম্বরে.....
১২. যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ লেখ:— ২০
 (ক) শিষ্টিচার;
 (খ) বাংলাদেশে নারী উন্নয়ন;
 (গ) বাংলাদেশের পর্যটন শিল্প : সমস্যা ও সম্ভাবনা;
 (ঘ) শিক্ষা ক্ষেত্রে তথ্য প্রযুক্তির ব্যবহার;
 (ঙ) মুক্তিযুদ্ধ ও আজকের বাংলাদেশ।